# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৯৫০

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১৫. প্রথম অনুচ্ছেদ - সৃষ্টির প্রতি দয়া ও অনুগ্রহ

بَابُ الشَّفَقَةِ وَالرَّحْمَةِ عَلَى الْخَلْقِ

## আরবী

وَعَنْ أَنَسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ عَالَ جَارِيَتَيْنِ حَتَّى تَبْلُغَا جَاءَ يَوْمَ الْقِيَامَةِ أَنَا وَهُوَ هَكَذَا» وضمَّ أصابعه. رَوَاهُ مُسلم

## বাংলা

৪৯৫০-[৪] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি দু’টো কন্যাকে বয়ঃপ্রাপ্ত হওয়া পর্যন্ত লালন-পালন করবে, সে ব্যক্তি ও আমি কিয়ামতের দিন এভাবে একত্রিত হব, যেমন এ দু’টো অঙ্গুলি। এ বলে তিনি নিজের দু’টো আঙ্গুল একত্রে মিলালেন। (মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : মুসলিম ১৪৯-(২৬৩১), তিরমিযী ১৯১৪, সিলসিলাতুস্ সহীহাহ্ ২৯৭, সহীহুল জামি‘ ৬৩৯১, সহীহ আত্ তারগীব ১৯৭০, সহীহ আল আদাবুল মুফরাদ ৬৯০, মুসান্নাফ ইবনু আবূ শায়বাহ্ ২৫৪৩৯, শু‘আবুল ইমাম ৮৬৭৪, আল মু‘জামুল আওসাত্ব ৫৫৭, আল মুসতাদরাক ৭৩৫০।

## ব্যাখ্যা

ব্যাখ্যাঃ হাদীসটি নারী এবং কন্যা শিশুদের রক্ষণাবেক্ষণ, তাদেরকে লালন পালনের প্রতি গুরুত্বারোপ করেছে। হাদীসের ব্যাখ্যায় ইমাম নাবাবী (রহিমাহুল্লাহ) বলেনঃ রক্ষণাবেক্ষণের মানে হচ্ছে তাদের ভরণ-পোষণ, তাদের লালন-পালন ইত্যাদি ক্ষেত্রে দায়িত্ব পালন। "عال" ‘আল’-এর ব্যাখ্যায় ইমাম নাবাবী (রহিমাহুল্লাহ) বলেছেন, ‘আল’ এটা ‘আওন’ থেকে গৃহীত, যার অর্থ হচ্ছে নিকট। কন্যা সন্তানদের লালন পালনের ব্যাপারে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তারা এবং আমি জান্নাতে খুব কাছাকাছি থাকব। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কনিষ্ঠা এবং মধ্যমা অঙ্গুলিকে এক সাথে করে দেখালেন, এ দু’টি আঙ্গুল যেমন পাশাপাশি এ রকম অবস্থানে আমরা থাকব। (শারহুন নাবাবী ১৬শ খন্ড, হাঃ ২৬৩১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75674

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন